

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
পার-৪ অধিশাখা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

নং-৪৫,১৪৫,০১৫.০০.০০.০৪৫,২০১১ (অংশ-১)-২৫

তারিখঃ ১১.০১.২০২১ খ্রিঃ

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

**বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “অন্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি)” শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ রাজস্বখাতে স্থানান্তর।**

আদিষ্ট হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “অন্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি)” শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের নিম্নবর্ণিত ৪৩৩টি পদ জনবলসহ প্রকল্প সমাপ্তির পর দিন অর্থাৎ ০১.০৭.২০০৩ তারিখ হতে বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

২। পদগুলো নিম্নরূপঃ

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল/১৫	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১.	হারবাল এসিস্ট্যান্ট (গার্ডেনার)	৪৩৩টি	৯৩০০-২২৪৯০/- (১৬ নং গ্রেড)	সরাসরি নিয়োগঃ সরকার স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে দক্ষতা। অথবা সরকার স্বীকৃত বোর্ড হতে এস.এস.সি/সমমানের পাশসহ বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেম অব মেডিসিন/বোর্ড অব হোমিও হতে ডিপ্লোমা সনদ।
	মোট=	৪৩৩টি		

- ৩। উপরের ছকের ৪ নং কলামে নির্ধারণকৃত বেতনস্কেল ৫নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা সাপেক্ষে কার্যকর হবে।
- ৪। এ পদ স্থানান্তরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১.১২.২০১৬ ও ১০.০৩.২০১৯ তারিখের ৪১৭ ও ৬৭ নং ও অর্থ বিভাগের বাজেট অণুবিভাগের ১৬.০৭.২০১৭ ও ০৭.০৫.২০১৯ তারিখের ৪৯০ ও ২৮৫ নং স্মারক এবং বাস্তবায়ন অণুবিভাগের ২৬.০৯.২০১৭ ও ২২.১২.২০২০ তারিখের ৮৮ ও ২৫০ নং স্মারকে সম্মতি রয়েছে।
- ৫। এ.কে.এম ফরহাদুজ্জামান এর দায়েরকৃত রিট পিটিশন নং-১০৫৩৬/২০১৭ এ মাহামান হাইকোর্ট বিভাগের ১২.০৪.২০১৮ তারিখের রায় অনুযায়ী ও আইন অধিশাখার ২০.১২.২০১৭ তারিখের ৪৮৭ নং স্মারক এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর সম্মতি/মতামত রয়েছে।
- ৬। বিদ্যমান টিওএন্ডই-তে নতুন স্থানান্তরিত পদ অন্তর্ভুক্ত করে অস্থায়ী হিসেবে চিহ্নিতপূর্বক টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।
- ৭। রাজস্বখাতে স্থানান্তরিত পদসমূহে সমাপ্ত প্রকল্পে অব্যাহতভাবে কর্মরত নয় এমন কোন জনবলকে নিয়মিত করা যাবে না।
- ৮। স্থানান্তরিত পদে নিয়মিতকরণকৃত কর্মচারী অন্তর্বর্তীকালীন সময়ে কর্মে নিয়োজিত থেকে থাকলে এবং থোক বরাদ্দ হতে বেতন-ভাতাদি পাওয়ার ক্ষেত্রে উক্ত সময়কাল কর্মকাল হিসাব গণ্য হবে। অন্যথায় বিএসআর পার্ট-১ এর বিধি-৩০২ এর আলোকে উক্ত সময়কে অনুমোদিত বিরতিকাল হিসেবে গণ্য করা হবে এবং উক্ত সময়কালের জন্য কর্মকর্তা/কর্মচারীরা কোনরূপ বেতন/ভাতাদি বা আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। শুধুমাত্র চাকুরীর ধারাবাহিকতা বজায় রাখার জন্য উক্ত সময়কাল বিবেচিত হবে।
- ৯। আলোচ্য সমাপ্ত প্রকল্পের সুপারিশকৃত পদ রাজস্ব খাতে নিয়মিতকরণের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে সৃজনকৃত কারিগরি পদের পদধারীদের নিয়োগ/নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০০৫ (এস আর ও, নং-২৬৪) এর ৪ নং ধারার বিধানাবলীসহ প্রযোজ্য সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ১০। পদ সংরক্ষণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১/১১১ নং প্রজ্ঞাপন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১১। উল্লিখিত ৪৩৩টি পদে কর্মরত জনবলকে প্রকল্প সমাপ্তির পরদিন হতে যে সময় পর্যন্ত অন্টারনেটিভ মেডিকেল কেয়ার (এ.এম.সি) প্রকল্প থেকে বেতন ভাতাদি পেয়েছেন তারা সে সময়ের জন্য কোন বকেয়া বর্ধিত ইনক্রিমেন্ট কিংবা অন্য কোন বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না।

- ১২। উল্লিখিত কর্মকর্তা/কর্মচারীদের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোড নম্বর হতে মিটানো হবে।  
 ১৩। এ পদ স্থানান্তরে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগের আরোপিত সকল শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।  
 ১৪। এ আদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাঃ

রোকেয়া বেগম  
 উপসচিব  
 ফোন-৯৫৪৫১৩৪

তারিখঃ ১১.০১.২০২১ খ্রিঃ

নং-৪৫.১৪৫.০১৫.০০.০০.০৪৫.২০১১ (অংশ-১)-২৫

অনুলিপি ০৪(চার) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাস্তবায়ন-৩ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করা হলো। এর ২ (দুই) কপি পৃষ্ঠাংকনপূর্বক ১(এক) কপি সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ১(এক) কপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা ঢাকা এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ

রোকেয়া বেগম  
 উপসচিব

তারিখঃ

নং-০৭.০০.০০০০.১৬৩.০৪.০১৮.১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা ঢাকা বরাবর প্রেরণ করা হলো। এ আদেশ জারীতে বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে সম্মতি রয়েছে।

যুগ্মসচিব


বাস্তবায়ন-৩ অধিশাখা  
 অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

তারিখঃ ১১.০১.২০২১ খ্রিঃ

নং-৪৫.১৪৫.০১৫.০০.০০.০৪৫.২০১১ (অংশ-১)-২৫/১(৮)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা এবং লাইন ডাইরেক্টর, অলটারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। যুগ্ম সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। উপসচিব (প্রশা-১/প্রবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে সরকারী আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

  
 ১১.০১.২০২১  
 রোকেয়া বেগম  
 উপ সচিব